

## চট্টগ্রামে বৃহস্পতিবার শুরু হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্যমেলা

- A Monitor Desk Report

Date: 13 February, 2024



নগরীর রেলওয়ে পলোগ্রাউন্ড মাঠে আগামী বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) শুরু হচ্ছে চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্যমেলা (সিআইটিএফ)। চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ৩১তম এ মেলার আয়োজন করছে।

মাসব্যাপী এ মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল। মেলা উদ্বোধন করবেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু।

এ ছাড়া বিশেষ অতিথি থাকবেন নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এমএ লতিফ ও গেস্ট অব অনার থাকবেন এফবিসিসিআই সভাপতি মাহবুবুল আলম।

সোমবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে আগ্রাবাদের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বঙ্গবন্ধু কনফারেন্স হলে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান চেম্বার সভাপতি ওমর হাজ্জাজ। এ সময় চেম্বার পরিচালক ও পিএইচপি ফ্যামিলির পরিচালক আকতার পারভেজ উপস্থিত ছিলেন। মেলায় বঙ্গবন্ধু প্যাভিলিয়নে বাতিঘরের সহায়তায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী, মুক্তিযুদ্ধবিষয়ক বই ও প্রকাশনা থাকবে।

মেলা কমিটির চেয়ারম্যান একেএম আকতার হোসাইন জানান, এবার চার লাখ বর্গফুটের সিআইটিএফে ১৬টি প্রিমিয়ার প্যাভিলিয়ন, ৫৬টি প্রিমিয়ার স্টল, ৯৪টি গোল্ড, ৪৮টি মেগা স্টল, ১১টি ফুড স্টল, ৩টি জোনে ৪০০ স্টলে ৩ শতাধিক প্রতিষ্ঠান অংশ নেবে। এর মধ্যে ভারত, থাইল্যান্ড, ইরানের উদ্যোক্তা ও ব্যবসায়ীরা পণ্য প্রদর্শন করবেন। সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত মেলা চলবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, শতবর্ষী বাণিজ্য সংগঠন চট্টগ্রাম চেম্বার ১৯৯৩ সাল থেকে দেশি পণ্যের প্রচার-প্রসারে সিআইটিএফ আয়োজন করে আসছে। এবারও দেশের বিভিন্ন অঞ্চলের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা পণ্য প্রদর্শন করবেন। লাখো মানুষ এ মেলা পরিদর্শন ও পছন্দের পণ্য সংগ্রহ করবেন। একই সঙ্গে বিভিন্ন প্রতিষ্ঠিত গুণ তাদের পণ্য প্রচারে বিভিন্ন প্যাভিলিয়ন সাজিয়ে তাদের পণ্যের প্রদর্শন ও বিক্রয় দর্শনার্থীর জন্য উন্মুক্ত রাখবেন। চট্টগ্রামের লাখো মানুষ এই মেলা পরিদর্শন করে তাদের পছন্দের পণ্য সংগ্রহ করবেন। মেলার সার্বিক আয়োজন উপভোগ করবেন বলে আমরা আশা করি।

সংবাদ সম্মেলনে সিআইটিএফের কো-চেয়ারম্যান অহিদ সিরাজ চৌধুরী স্বপন, অঞ্জন শেখর দাশ, জহিরুল ইসলাম চৌধুরী আলমগীর, সোসাইটি অব চিটাগাং আইটি প্রফেশনালের আবদুল্লাহ ফরিদ উপস্থিত ছিলেন।

-B